দৈনিক ইত্তেফাক

তারিখ 09 JUL 1994
পৃষ্ঠা 2 কলাম 6

47

# প্রিলিমিনারীর ফল আর কত দূর?

আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯১ সালের এম,এ (প্রথমপর্ব) পরীক্ষা দিয়াছি। গত ডিসেম্বরে আমাদের পরীক্ষা (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) শেষ হইলেও কর্তৃপক্ষ অদ্যাবধি ফলাফল প্রকাশ করেন নাই।

আমরা ১৯৯০ সালে ডিগ্রী পাস করি এবং সে হিসাবে ১৯৯২ সালের মধ্যে মাস্টার্স শেষ হইবার কথা ; কিন্তু এখনো পর্যন্ত প্রথমপর্বই শেষ হইল না। ১৯৯৬ সালের আগে শেষপর্ব সমাপ্ত হইবে কিনা, তাহা কর্তৃপক্ষই জানেন। ২ বছরের কোর্স শেষ করিতে যদি ৬ বছরের অধিক সময় লাগে তাহা হইলে ছাত্র-ছাত্রীদের কি অবস্থা দাঁড়ায় তাহা কর্তৃপক্ষ ভাবিয়া দেখিবেন কি?

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বারবার শুধু বলিয়াই যাইতেছেন—সেশনজট যথাশীঘ্রই দূর করিবেন এবং তিন মাসের মধ্যে পরীক্ষার ফলাফল প্রকাশ করিবেন। কিন্তু তাঁহাদের কথা শুধু কথাই রহিয়া যাইতেছে। বাস্তবায়িত হইতেছে না। অন্যদিকে আগামী ২১শে জুলাই হইতে পরবর্তী পরীক্ষা শুরু হইবে। ছাত্র-ছাত্রীদের ভাবনা, যাহারা অকৃতকার্য হইবে তাহারা কিভাবে পরবর্তী পরীক্ষায় অংশ নিবে? এমতাবস্থায় অতিসত্বর প্রিলিমিনারীর ফল প্রকাশ করিয়া ছাত্র-ছাত্রীদের হতাশা থেকে মুক্ত করিবার জন্য কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করিতেছি।

—রফিকুজ্জামান হুমায়ুন, এম,এ (প্রথমপর্ব) পরীক্ষার্থী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা।